**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল চলতি মাসের শেষ সপ্তাহে প্রকাশিত হবে।**

**(২) প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর মৃত্যুদিনটি আজ সারাদেশে সন্ত্রাসবিরোধী দিবস হিসেবে পালিত হচ্ছে ।**

**(৩) অষ্টাদশ লোকসভা নির্বাচনের ষষ্ঠ ও সপ্তম পর্বের জন্য প্রচার জোরদার হয়ে উঠেছে ।**

**(৪) ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটে প্রতিযোগিতায় হার্ভে ক্লাব অপরাজিত চ্যাম্পিয়ন হয়েছে।**

**(৫) আগামী ৫ই জুনের মধ্যে রাজ্যে বর্ষা প্রবেশের সম্ভাবনা রয়েছে ।**

*******************************************

**TBSE Result :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ সভাপতি জগদীশ গনচৌধুরী আজ জানিয়েছেন, ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল চলতি মাসের শেষ

সপ্তাহে প্রকাশিত হবে। খাতা দেখা ইতিমধ্যেই শেষ হয়ে গেছে। তিনি বলেন, পরীক্ষার ফলাফল প্রকাশিত হবার পর বছর বাঁচাও পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি জারি করবে মধ্যশিক্ষা পর্ষদ।

**************************

**Rajiv Gandhi-National :**

সারাদেশে আজ সন্ত্রাসবিরোধী দিবস পালিত হচ্ছে। দিনটি প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর মৃত্যুদিন। তিনি ১৯৯১ সালের ২১শে মে চেন্নাইয়ের নিকটবর্তী গ্রাম শ্রীপেরামবুদুরে LTTE জঙ্গীর আত্মঘাতী বোমায় নিহত হন। সমাজ ও দেশের উপর সন্ত্রাস ও সহিংসতার নেতিবাচক প্রভাব সম্পর্কে মানুষকে সচেতন করতে দিনটি পালন করা হয়।

***************************

**Death Anniversary of Rajiv Gandhi :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ রাজ্যে প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর ৩৩তম প্রয়াণ দিবস যথাযথ মর্যাদায় পালন করা হয়। আগরতলায় পোস্ট অফিস চৌমুহনিস্থিত কংগ্রেস ভবনে রাজীব গান্ধীর প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, গোপাল চন্দ্র রায়, বীরজিৎ সিনহা, প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি পীযুষ কান্তি বিশ্বাস সহ অন্যান্য নেতৃবৃন্দ। পরে তারা গান্ধীঘাটস্থিত সমাধিস্থলে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর মৃত্যু দিবসকে সংহতি দিবস হিসাবে উদযাপন করছে প্রদেশ কংগ্রেস। এই উপলক্ষ্যে আজ কংগ্রেস ভবনে এক

রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ৪৫ জন রক্তদাতা স্বেচ্ছা রক্তদান করেন।

****************************

**Rajiv Gandhi-Unakoti :**

প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত রাজীব গান্ধীর প্রয়াণ দিবস উপলক্ষে কৈলাশহর কংগ্রেস ভবন প্রাঙ্গণে আজ এক অনুষ্ঠান হয়। কর্মসূচির মধ্যে ছিল, পতাকা উত্তোলন, প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ, জীবন ও কর্মধারা নিয়ে আলোচনা ইত্যাদি। আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, পি,সি,সি সদস্য রুদ্রেন্দু ভট্টাচার্য, জেলা কংগ্রেস সভাপতি মোঃ বদরুজ্জামান, কংগ্রেস নেতা আশিস সেনগুপ্ত ও হদিস মিঞা প্রমুখ।

***************************

**Rudrasagar :**

পর্যটন দপ্তর ও মেলাঘর পুর পরিষদ রুদ্রসাগরের কচুরিপানা সরিয়ে নীরমহলে পুনরায় পর্যটকদের যাতায়াত শুরু করার জন্য শীঘ্রই উদ্যোগ গ্রহণ করবে। আজ মেলাঘরে রুদ্রসাগর উদ্বাস্তু ফিশারম্যান সমবায় সমিতির অফিসে আয়োজিত এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে উপস্থিত ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, দপ্তরের অধিকর্তা তপন দাস, সোনামুড়া মহকুমা বন আধিকারিক কমল ভৌমিক, মৎস্য তত্বাবধায়ক রণেন দেবরায়, মেলাঘর পুর পরিষদের চেয়ারম্যান অনামিকা ঘোষপাল রায় সহ সমবায় সমিতির পদাধিকারীরা। এক সাক্ষাৎকারে পর্যটন দপ্তরের অধিকর্তা আকাশবাণীকে জানিয়েছেন, চলতি মাসের প্রথম দিকে ঝড়-বৃষ্টির কারনে ব্যারিকেড ভেঙে রুদ্রাসাগরের কচুরিপানা নৌকা

চলাচলের ক্যানেলে চলে আসায় নীরমহলে পর্যটকদের যাতায়াত বন্ধ হয়ে যায়।

****************************

**TSECL :**

বিদ্যুৎ সরবরাহ বাবদ বাংলাদেশের কাছ থেকে ত্রিপুরার গত তিন মাসেরও বেশি সময়ের পাওনা বকেয়া রয়েছে। এই বকেয়া টাকা মিটিয়ে দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের তরফে বাংলাদেশ সরকারকে অনুরোধ করা হয়েছে। ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের এম ডি দেবাশিস সরকার জানিয়েছেন ত্রিপুরা বাংলাদেশের কাছে বর্তমানে দৈনিক ১১০ থেকে ১২০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করে। বাংলাদেশের কাছ থেকে ৩ কোটি টাকারও বেশি পাওনা রয়েছে বলে তিনি জানান।

*************************

**Training for Counting Officials :**

আগামী চৌঠা জুন অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের ভোটগণনাপর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ঊনকোটি জেলাতে প্রশাসনিক প্রস্তুতি শুরু হয়েছে। আজ ঊনকোটি জেলার কুমারঘাটের পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউটে গণনাকর্মীদের প্রথম পর্যায়ের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক দশরথ দেববর্মা, পূর্ব ত্রিপুরা সংসদীয় আসনের সহকারী রিটার্নিং অফিসার তথা কুমারঘাটের মহকুমা শাসক এন,এস,চাকমা প্রমুখ। মহকুমা প্রশাসনের উপ-সমাহর্তা অভিজিৎ কুমার দাস জানান, কাউন্টিং সুপারভাইজার, কাউন্টিং

এসিস্টেন্ট ও মাইক্রো-অবজারভার সবমিলিয়ে ৯০ জন আজ প্রশিক্ষণ নেন।

***************************

**Campaign-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ পশ্চিমবঙ্গের ঘাটাল লোকসভা আসনের বিজেপি প্রার্থী ডঃ হিরণ্ময় চট্টোপাধ্যায়ের সমর্থনে দশগ্রাম ও চাঁদকুড়িতে নির্বাচনী রেলিতে অংশগ্রহণ করেন। তাছাড়া সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিঙ্কু রায় দমদম লোকসভা কেন্দ্রের প্রচারে অংশ গ্রহণ করেন।

**************************

**Blood Donation :**

আগরতলা সরকারি মেডিকেল কলেজ ও জিবি হাসপাতালের যৌথ উদ্যোগে আজ জিবি হাসপাতালের ব্লাড ব্যাংকে স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, স্বাস্থ্য অধিকর্তা ডক্টর সঞ্জীব দেববর্মা, আগরতলা মেডিকেল কলেজর ডা: অনুপ কুমার সাহা, জিবি হাসপাতালে মেডিকেল সুপার ডা: শংকর চক্রবর্তী ডেপুটি সুপার ডা: কনক চৌধুরী। রক্তদান শিবিরে মোট ৫১ জন চিকিৎসক ও স্বাস্থ্য কর্মী স্বেচ্ছায় রক্ত দান করেন।

******************************

**Election Campaign :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের ষষ্ঠ ও সপ্তম পর্বের জন্য প্রচার জোরদার হয়ে উঠেছে। প্রধানমন্ত্রী তথা বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র

মোদি আজ বিহারের মতিহারির গান্ধী ময়দানে এক জনসভায় ভাষণ দিতে গিয়ে কংগ্রেসের বিরুদ্ধে পরিবারতন্ত্র ও দুর্নীতির অভিযোগ করেন।

প্রধানমন্ত্রী আজ মহারাজগঞ্জ সংসদীয় আসনের গোরিয়াকোঠির আগিয়া মাঠে এবং প্রয়াগরাজে একটি সমাবেশে ভাষণ দেন। পরে তিনি বারাণসীতে ২৫ হাজারেরও বেশি মহিলার সঙ্গে মতবিনিময় করেন। তিনি সম্পূর্ণানন্দ সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে 'মাতৃ শক্তি সম্মেলন'-এ যোগ দেন। আগামীকাল তিনি উত্তর প্রদেশে আরও দুটি জনসভায় ভাষণ দেবেন।

আরজেডি নেতা তেজস্বী প্রসাদ যাদব মহাজোটের প্রার্থীদের সমর্থনে জিরাদেই, মতিহারি এবং শেওহরে জনসভা করেন।

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ আজ বলরামপুর, সিদ্ধার্থ নগর, সন্ত কবির নগর বাস্তি বারাণসী এবং আজমগড়ে সমাবেশে ভাষণ দেন। অন্যদিকে, সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব আজমগড় এবং ভাদোহি জেলায় সমাবেশে ভাষণ দেন। বহুজন সমাজ পার্টি প্রধান মায়াবতী জৌনপুর জেলায় একটি সমাবেশে ভাষণ দেন।

**************************

**Dr.S. Jaishankar :**

পররাষ্ট্রমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর আজ নতুনদিল্লিতে ইরানের দূতাবাসে গিয়ে ইরানের রাষ্ট্রপতি ইব্রাহিম রাইসি এবং পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির-আব্দুল্লাহিয়ানের মর্মান্তিক মৃত্যুতে ভারতের পক্ষ থেকে গভীর সমবেদনা জ্ঞাপন করেন। সামাজিক মাধ্যমে ডঃ জয়শঙ্কর বলেন, ভারত-ইরান সম্পর্ক বৃদ্ধিতে অবদানের জন্য প্রয়াতদের সর্বদা ভারতের বন্ধু হিসাবে স্মরণ করা হবে। তিনি বলেন, ভারত সরকার এই কঠিন সময়ে ইরানের জনগণের সঙ্গে

রয়েছে। উল্লেখ্য, হেলিকপ্টার দুর্ঘটনায় ইরানের প্রেসিডেন্ট ডক্টর সৈয়দ ইব্রাহিম রাইসি এবং পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির-আব্দুল্লাহিয়ানের মৃত্যুতে শ্রদ্ধা জানাতে আজ ভারতে একদিনের রাষ্ট্রীয় শোক পালন করা হচ্ছে।

*******************************

**Food-Sonamura :**

সোনামুড়া মহকুমা প্রশাসন ও খাদ্যদপ্তরের এক যৌথ টিম আজ সন্ধ্যায় সোনামুড়া বাজারে অভিযান করে। অভিযানের নেতৃত্বে ছিলেন সোনামুড়ার অতিরিক্ত মহকুমা শাসক মাহেন্দ্র কাম্বে চাকমা ও ফুড ইন্সপেক্টর সুনন্দা চৌধুরী। ফুড ইন্সপেক্টর জানান, অভিযান চলাকালে যে সমস্ত দোকানগুলিতে অনিয়ম লক্ষ্য করা গেছে তাদের কারন দর্শানোর নোটিশ প্রদান করা হবে ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

*****************************

**Consumer Awareness :**

খাদ্য দপ্তর ও আমবাসা মহকুমা প্রশাসনের যৌথ উদ্যোগে আজ আমবাসা পঞ্চায়েত রাজ ট্রেনিং ইনস্টিটিউটে ভোক্তা সচেতনতামূলক আলোচনাচক্রের আয়োজন করা হয়। অনুষ্ঠানের সূচনা করেন খাদ্য অধিকর্তা নির্মল অধিকারী। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আমবাসা মহকুমা শাসক সঞ্জীত দেববর্মা, ডি সি এম সমীরণ রায়, আমবাসা বিদ্যালয় পরিদর্শক বিষ্ণু দত্ত প্রমুখ।

****************************

**Blood Donation-Belonia :**

বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজের জাতীয় সেবা প্রকল্পের উদ্যোগে আজ এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের সূচনা করেন কলেজের অধ্যক্ষ ডক্টর মনোরঞ্জন দাস। এই শিবিরে এনএসএস'র স্বেচ্ছাসেবক ও রেড রিবন ক্লাবের মোট ৫৫ জন ছাত্রছাত্রী স্বেচ্ছায় রক্তদান করেন।

******************************

**Adibashi Congress Deputation :**

ত্রিপুরা প্রদেশ আদিবাসী কংগ্রেস নেতৃত্ব রাজ্যে নাগরিকত্ব সংশোধনী আইন কার্যকরের সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে আজ মুখ্য সচিবের কাছে এক ডেপুটেশন প্রদান করেন। ডেপুটেশনে অংশ গ্রহণ করেন আদিবাসী কংগ্রেসের ত্রিপুরা প্রদেশের চেয়ারম্যান শম্ভু কুমার জমাতিয়া, প্রাক্তন মন্ত্রী মনীন্দ্র রিয়াং, প্রাক্তন বিধায়ক দিবা চন্দ্র রাংখল ও অশোক দেববর্মা প্রমুখ।

*****************************

**N.D.R.F :**

জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর ১নং ব্যাটেলিয়ানের ২৬ সদস্যের একটি টিম আজ ঊনকোটি জেলাতে পৌঁছেছে। তারা আগামী অক্টোবর মাস পর্যন্ত এই জেলায় অবস্থান করবে। জেলা বিপর্যয় মোকাবিলা বিভাগের জেলা প্রোগ্রাম আধিকারিক শুভজিৎ নাথ জানান, এই টিমটি সম্ভাব্য বিপর্যয় মোকাবিলায় কাজ করবে। তাছাড়া তারা বিপর্যয় মোকাবিলা বিষয়ে জনসচেতনতার জন্য প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করবে।

***************************

**BSF :**

কমলপুর-বাংলাদেশ সীমান্তের নিকটবর্তী বিলাসছড়ার আমতলিতে গোপন সংবাদের ভিত্তিতে হানা দিয়ে বি এস এফ এর ১০৫ নং ব্যাটেলিয়নের জোয়ান ও কমলপুর থানা পুলিশের যৌথ দল আজ ভোরে একটি গাড়ি আটক করে প্রায় পঁচিশ লক্ষ টাকার বেনারসি শাড়ি উদ্ধার করে। যার বাজারমূল্য প্রায় ২৫ লক্ষ টাকা। গাড়ির চালক পালিয়ে যায়। কমলপুর থানার ভারপ্রাপ্ত ও সি আলমগীর হুসেইন এখবর জানিয়েছেন।

**NSS Special Camp-Baikhora :**

বাইখোড়া ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুলের জাতীয় সেবা প্রকল্পের সাত দিনের বিশেষ শিবির আজ শেষ হয়েছে। শিবিরের শেষদিনে লাউগাং-র মনোরমা শিশুগৃহের ৩৯ জন শিশুকে শিক্ষাসামগ্রী প্রদান করা হয়।এনএনএস ইউনিটের প্রোগ্রাম অফিসার প্রশান্ত মজুমদার এখবর জানিয়েছেন।

********************************

**Cricket :**

ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটে প্রতিযোগিতায় হার্ভে ক্লাব অপরাজিত চ্যাম্পিয়ন হয়েছে। আজ নরসিংগড়ের পিটিএ মাঠে লিগ পর্বে আসরে নিজেদের শেষ খেলায় হার্ভে ক্লাব ১৭১ রানের বড় ব্যবধানে পোলস্টার ক্লাবকে পরাজিত করে। ফলে দীর্ঘ চার বছর পর পুনরায় সুপার ডিভিশনে খেলায় ছাড়পত্র পায়। এদিকে এম বি বি স্টেডিয়ামে দিনের অপর খেলায় মৌচাক ক্লাব ২ উইকেটে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে হারিয়ে দেয়।

****************************

**Hum Fit to India Fit :**

হাম ফিট তো ইন্ডিয়া ফিট এই স্লোগানকে সামনে রেখে নেশার বিরুদ্ধে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে আজ থেকে ধলাই জেলা পুলিশ প্রশাসনের উদ্যোগে কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে শুরু হলো নক আউট ফুটবল টুর্নামেন্ট। জেলার অন্তর্গত বিভিন্ন মহকুমার পুলিশ ও টি এস আর জোয়ানরা এ খেলায় অংশগ্রহণ করে। মোট আটটি টিম রয়েছে। আজ এই খেলার সূচনা করেন ধলাই জেলার জেলাশাসক ও সমাহর্তা সাজু ওয়াহিদ এ, সাথে ছিলেন জেলা পুলিশ সুপার অবিনাশ রাই, জেলার অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র চৌধুরী সহ অন্যান্য আধিকারিকরা। প্রথম দিনের খেলায় মুখোমুখি হয় কমলপুর মহকুমা পুলিশ ও টিএসআর অষ্টম বাহিনীর খেলোয়াড়রা।

********************************

**Inter School Boy's Cricket-Santirbazar :**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত আন্ত: স্কুল ক্রিকেট টুর্নামেন্টর ফাইনালে উঠেছে বাইখোড়া ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুল। বাইখোড়া মাঠে আজ প্রথম সেমিফাইনালে বাইখোড়া ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুল ৩৯ ওভার ৪ বলে সব উইকেট হারিয়ে ২৯০ রান সংগ্রহ করে। জবাবে খেলতে নেমে শান্তিরবাজার দ্বাদশ স্কুল সব উইকেটের বিনিময়ে ২৬ ওভারে ১৬১ রান সংগ্রহ করে।

****************************

**Weather :**

আগামী ৫ই জুনের মধ্যে রাজ্যে বর্ষা প্রবেশের সম্ভাবনা রয়েছে। আবহাওয়া বিভাগের অধিকর্তা ড: পার্থ রায় আজ এখবর জানান। এবার বর্ষায় স্বাভাবিক বৃষ্টিপাত হতে পারে বলে জানিয়েছেন ড: রায়।

আবহাওয়া পূর্বাভাষ উল্লেখ করে তিনি জানান, আগামী তিনদিন অর্থাৎ ২৩শে মে পর্যন্ত রাজ্যের বিভিন্ন স্থানে বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ও ২৫শে মে রাজ্যের সব জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের পাশাপাশি ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। তবে ২৫শে মে ধলাই, গোমতী ও পশ্চিম জেলায় ভারী বৃষ্টিপাত হতে পারে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ছয়ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ছত্রিশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন চব্বিশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস।

চলতি বছরে এখন পর্যন্ত রাজ্যে গড়ে স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টিপাত হয়েছে। প্রায় ৫০০ মিলিমিটার বৃষ্টি হয়েছে রাজ্যে। তবে উত্তর, উনকোটি, ধলাই ও খোয়াই জেলার কিছু অংশে স্বাভাবিকের চেয়ে বেশি বৃষ্টিপাত হয়েছে।

*****************************